গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা: ৪৬.০০.০০০০.০৭১.১৮.০৭৬.২০১৮. ৪৬০

তারিখ: ১৫ আষাঢ় ১৪২৮
২৯ জুন ২০২১

বিষয়: চট্টগ্রাম মহানগরের জলাবদ্ধতা নিরসনকল্পে বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব ড. আহমদ কায়কাউস, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এঁর সভাপতিত্বে চট্টগ্রাম মহানগরের জলাবদ্ধতা নিরসনকল্পে বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত একটি সভা গত ১৬/৬/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

- চট্টগ্রাম মহানগরের বর্জ্য ব্যবস্থাপনার বিষয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশন প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।
- খালে ময়লা-আবর্জনা ও পলিথিন ফেলা রোধকল্পে চট্টগ্রাম সিটি কর্পোরেশন প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

২। এমতাবস্থায়, উক্ত সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: সভার কার্যবিবরণী।

২৯/৬/২১

মোহাম্মদ জহিরুল ইসলাম
উপসচিব
ফোন: ৯৫৪৫৪১৬
ই-মেইল: lgcc2@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

০৩.০৯.২৬৯০.০৭০.২২.০১৮.১৮(অংশ-১)-১১৩
পত্র সংখ্যা .............................

০৯ আষাঢ়, ১৪২৮
তারিখ .....২৩.জুন.২০২১.........

**বিষয়ঃ চট্টগ্রাম মহানগরের জলাবদ্ধতা নিরসনকল্পে বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

উপর্যুক্ত বিষয়ে ড. আহমদ কায়কাউস, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এঁর সভাপতিত্বে ১৬.০৬.২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ ০২ (দুই) পাতা।

(মুহম্মদ শাহীন ইমরান)
পরিচালক-৩
ফোন: ৫৫০২৯৪২৩
e-mail: dir3@pmo.gov.bd
pmodirector3@gmail.com

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ।
৬। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৭। মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
৯। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
১০। ব্যবস্থাপনা পরিচালক, চট্টগ্রাম ওয়াসা।
১১। প্রধান প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, চট্টগ্রাম।
১২। প্রধান প্রকৌশলী, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
১৩। প্রকল্প পরিচালক(বাংলাদেশ সেনাবাহিনী),চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসনকল্পে খাল পুনঃখনন,সম্প্রসারণ ও উন্নয়ন প্রকল্প।
১৪। প্রকল্প পরিচালক (বাংলাদেশ সেনাবাহিনী), চট্টগ্রাম মহানগরীর জলাবদ্ধতা নিরসন, নিষ্কাশন ও উন্নয়ন প্রকল্প।
১৫। প্রকল্প পরিচালক (চউক), চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসনকল্পে খাল পুনঃখনন, সম্প্রসারণ ও উন্নয়ন প্রকল্প।
১৬। প্রকল্প পরিচালক (পানি উন্নয়ন বোর্ড), চট্টগ্রাম মহানগরীর জলাবদ্ধতা নিরসন, নিষ্কাশন ও উন্নয়ন প্রকল্প।
১৭। প্রকল্প পরিচালক,কর্ণফুলী নদীর তীর বরাবর কালুরঘাট সেতু হতে চাক্তাই খাল পর্যন্ত সড়ক নির্মাণ প্রকল্প, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম।

**অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে)**

(১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের একান্ত সচিব/সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
(২) মহাপরিচালক-১ এঁর ব্যক্তিগত কর্মকর্তা, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

স্থানীয় সরকার বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্মসচিব
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)
১) প্রশাসন
২) নগর উন্নয়ন
৩) উন্নয়ন
৪) পানি সরবরাহ (পাস)
৫) উপজেলা অধিশাখা
৬) ইউপি অধিশাখা
৭) অডিট অধিশাখা
৮) আইন অধিশাখা
ডাইরি নম্বরঃ
তারিখঃ
স্বাক্ষর

ডায়েরী নং.........তারিখঃ.........
☑ যুগ্মসচিব (পাঃঅঃ)
☐ যুগ্মসচিব (পিএসবি)
☐ উপসচিব (পাস-১/ ২/ ৩)
☐ সিনিয়র সহকারী সচিব (পাস-১/ ২/ ৩)
অতিরিক্ত সচিব (পানি)
স্থানীয় সরকার বিভাগ

ডায়েরী নং.........তারিখঃ.........
☐ উপ-সচিব (পাস-১/পাস-২/পাস-৩)
☐ সিনিয়র সহকারী সচিব (পাস-১/২/৩)
যুগ্ম সচিব (পাস অধিশাখা)
স্থানীয় সরকার বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা।

বিষয় : চট্টগ্রাম মহানগরের জলাবদ্ধতা নিরসনকল্পে বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি : ড. আহমদ কায়কাউস
প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

তারিখ ও সময় : ১৬.০৬.২০২১ খ্রি. বিকাল ০৩.০০ টা
স্থান : ভার্চুয়াল মিটিং (জুম)

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। জলাবদ্ধতা বাংলাদেশের বাণিজ্যিক রাজধানী চট্টগ্রাম মহানগরীর একটি প্রধান সমস্যা। জলাবদ্ধতা নিরসনকল্পে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ ০২ টি এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ০১ টি প্রকল্প বাংলাদেশ সেনাবাহিনীর সাথে যৌথভাবে বাস্তবায়ন করছে। প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির হালনাগাদ তথ্যাদি সভায় উপস্থাপনের জন্য তিনি সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকদের আহবান জানান।

২। চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসনকল্পে খাল পুনঃখনন, সম্প্রসারণ, সংস্কার ও উন্নয়ন" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক (বাংলাদেশ সেনাবাহিনী) বলেন, প্রকল্পটি ৫৬১৬.৪৯ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৭ হতে জুন, ২০২০ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন, ২০২১ পর্যন্ত বর্ধিত করা হয়। আরও ১ বছর মেয়াদ বৃদ্ধির প্রস্তাব প্রক্রিয়াধীন রয়েছে। মে, ২০২১ পর্যন্ত প্রকল্পের ভৌত অগ্রগতি ৪৭% আর্থিক অগ্রগতি ৩১%। ৬৫১৬.০০ কাঠা জমি অধিগ্রহণের জন্য ১৭২৭.৮৮ কোটি টাকা বরাদ্দ আছে। এর মধ্যে ৪০০.০০ কাঠা জমি অধিগ্রহণের কাজ চলমান এবং ২৬.১৩ কোটি টাকা বিতরণ করা হয়েছে। প্রকল্পটি নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য তিনি ভূমি অধিগ্রহণ ও সিভিল কাজের জন্য পর্যাপ্ত অর্থ বরাদ্দ এবং বিভিন্ন খালে প্রতিনিয়ত আবর্জনা ফেলার যে প্রবণতা তা বন্ধ করার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার জন্য অনুরোধ জানান।

৩। কর্ণফুলি নদীর তীর বরাবর কালুরঘাট সেতু হতে চাক্তাই খাল পর্যন্ত সড়ক নির্মাণ" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পটি ২৩১০.২৪ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৭ হতে জুন, ২০২০ মেয়াদে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন, ২০২১ পর্যন্ত বাড়ানো হয়েছে। বর্তমানে আরও ১ বছর সময় বৃদ্ধির প্রস্তাব করা প্রক্রিয়াধীন। মে, ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জীভূত ভৌত অগ্রগতি ৪৯.১৩% আর্থিক অগ্রগতি ৩৮.০৪%, ভূমি অধিগ্রহণের কাজের অগ্রগতি ৪০% । তিনি আরও বলেন , প্রকল্পটি ২০২০-২০২১ অর্থবছরের শুরুতে 'সি' ক্যাটগরিভুক্ত হওয়ায় চাহিদার তুলনায় পর্যাপ্ত অর্থ বরাদ্দ পাওয়া যায়নি।

৪। "চট্টগ্রাম মহানগরীর বন্যা নিয়ন্ত্রণ, জলমগ্নতা/জলাবদ্ধতা নিরসন ও নিষ্কাশন উন্নয়ন" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক (বাংলাদেশ সেনাবাহিনী) বলেন, প্রকল্পটি বাংলাদেশ সেনাবাহিনী ও পানি উন্নয়ন বোর্ড যৌথভাবে বাস্তবায়ন করছে। ১৬২০.৭৩ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি অক্টোবর ২০১৮ হতে জুন ২০২২ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। ১৫ জুন, ২০২১ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৩.৩৮% এবং ভৌত অগ্রগতি ৫% । চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের মালিকানাধীন ভূমিতে ফ্লাড/ রিটেইনিং ওয়াল নির্মাণে তাদের আপত্তির কারণে কার্যক্রম কিছুটা গতি হারিয়েছে।

অ.পৃ.দ্র.

৫।	সভায় স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব, অর্থ বিভাগের সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব, মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন এবং চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান আলোচনায় অংশগ্রহণ করেন এবং গুরুত্বপূর্ণ মতামত ব্যক্ত করেন।

৬।	সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) ভূমি অধিগ্রহণ কার্যক্রমে গতিশীলতা আনয়ন এবং উল্লিখিত ০৩ টি প্রকল্প বাস্তবায়নের সাথে একাধিক সংস্থা জড়িত থাকায় প্রকল্পের কার্যক্রমে সমন্বয় সাধন ও মনিটরিং এর জন্য বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম এর নেতৃত্বে জেলা প্রশাসক চট্টগ্রাম এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকদের নিয়ে একটি কমিটি গঠন করা হলো। কমিটি প্রতি মাসে সভা আয়োজন করে অগ্রগতি প্রতিবেদন প্রধানমন্ত্রীর কার্যালয় এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহে প্রেরণ করবে;

(খ) চট্টগ্রাম মহানগরের বর্জ্য ব্যবস্থাপনার বিষয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশন প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে;

(গ) খালে ময়লা-আবর্জনা ও পলিথিন ফেলা রোধকল্পে চট্টগ্রাম সিটি কর্পোরেশন সচেতনামূলক কার্যক্রম গ্রহণ করবে।

সভাপতি বলেন, চট্টগ্রাম মহানগরের জলাবদ্ধতা নিরসনকল্পে উল্লিখিত ০৩টি প্রকল্পে প্রায় ৯৫৪৭.৪৬ কোটি টাকার উন্নয়ন কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পগুলো বাস্তবায়িত হলে চট্টগ্রাম মহানগরের জলাবদ্ধতা দূর হবে এই আশাবাদ ব্যক্ত করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

22/5/21

( ড. আহমদ কায়কাউস )
প্রধানমন্ত্রীর মুখ্য সচিব